গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়, গোপালগঞ্জ।
www.cs.gopalganj.gov.bd

স্মারক নং-সিএস/গোপ/২০২৪/ ৪৭৭ তারিখঃ ২৯.০১./২০২৪খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০১২. ২১-৩০০৬ তারিখ: ০৩/১২/২০২৩ইং মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, গোপালগঞ্জ ও এর নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের রাজস্ব খাতের (১১-২০ গ্রেড) নিম্নলিখিত শূন্য পদ সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে নিম্নবর্নিত শর্তে অনলাইনে (online) https://csgop.teletalk.com.bd আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র: নং- | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ০২ | গ্রেড -১৪ (১০২০০-২৪৬৮০) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি বাংলা প্রতিমিনিটে ২৫ শব্দ এবং ইংরেজি প্রতিমিনিটে ৩০ শব্দ।<br>গ) সাঁট লিপি সর্বনিম্ন বাংলা প্রতিমিনিটে ৪৫ শব্দ এবং ইংরেজি প্রতিমিনিটে ৭০ শব্দ। |
| ০২ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ন।<br>খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি বাংলা প্রতিমিনিটে ২০ শব্দ এবং ইংরেজি প্রতিমিনিটে ২০ শব্দ। |
| ০৩ | ষ্টোর কিপার | ০১ | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) স্টোর কিপার পদধারীগনকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে। |
| ০৪ | স্বাস্থ্য সহকারী | ৬১ | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫ | ড্রাইভার | ০৪ | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স।<br>গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |

আবেদনের শর্ত ও নির্দেশনাবলী:-

০১. আগ্রহী প্রার্থীগণ https://csgop.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে অনলাইন এ আবেদন করতে পারবেন। সরাসরি/ ডাকযোগে কোন আবেদন গ্রহন করা হবে না।

০২. নিয়োগ ও কোটা নির্ধারনে ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিপালিত হবে।

০৩. আবেদনকারী বয়স ৩০/০১/২০২৪ খ্রি. তারিখে সর্বনিম্ন (১৮) এবং সর্বোচ্চ (৩০) বছর হতে হবে। তবে বীরমুক্তিযোদ্ধার/শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয়। এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদের প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমানিত হবে।

০৪. বিভাগীয় প্রার্থীদের সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি পত্র সংযুক্ত করে আবেদন করতে হবে।

০৫. প্রার্থীকর্তৃক আবেদনপত্রে বর্নিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্নিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামী ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

০৬. স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের নিকটবর্তী ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ ও আবেদন করতে পারবেন (এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট শূন্য পদের ওয়ার্ডের বাসিন্দাদের মধ্যে যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের মধ্যে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে একই ইউনিয়নের নিকটবর্তী ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

০৭. স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জনের কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে (https://cs.gopalganj.gov.bd) পাওয়া যাবে।

০৮. প্রার্থীকর্তৃক প্রদত্ত যেকোন তথ্য গোপন, অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোন প্রকারের প্রতারনা বা দূর্নীতির আশ্রয় গ্রহন করলে পরীক্ষা পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীর পরীক্ষা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

চলমান পাতা-০২

০৯. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতি বদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগের দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্থ হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১০. বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসমূহের পরীক্ষা একই তারিখ ও একই সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একই প্রার্থী যে কোন একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলিয়া বিবেচিত হবে।

১১. আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/ শর্তবলী নিম্নরূপ:-

(ক) Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৭-০২-২০২৪ খ্রি ০৯.০০ ঘটিকা হতে।

(খ) Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ২৭-০২-২০২৪ খ্রি ০৫.০০ ঘটিকা পর্যন্ত।

(গ) উক্ত সময়সীমার মধ্যে ইউজার আইডি প্রাপ্ত প্রার্থীগণ online আবেদন সাবমিট এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১২. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করেত হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 kb এর মধ্যে হতে হবে।

১৩. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদন পত্র Submit করার পূর্বেই পূরনকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৪. প্রার্থী online এ পূরনকৃত আবেদন পত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষন করবেন।

১৫. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:-**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষন করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর এর মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ হতে ০৫ পর্যন্ত পদের জন্য (২০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ২৩/- টাকা সহ) মোট ২২৩/- (দুইশত তেইশ টাকা) অফেরত যোগ্য অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**১ম এসএমএস:-**

CSGOP<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: csgop ABCDEF

Reply sms: Applicant Name, TK 223/- will be charged as application Fee. Your PIN is XXXXXXXXXXX. To pay fee type CSGOP<space> YES < space>PIN and send to 16222 নাম্বারে.

**২য় এসএমএস:-**

CSGOP<space> YES < space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: CSGOP YES XXXXXXXXXXX.

Reply sms: Congratulations Applicant's Name, Payment completed successfully for csgop Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

১৬. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://csgop.teletalk.com.bd অথবা www.cs.gopalganj.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময় জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষার সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরন করা বাঞ্ছনীয়।

১৭. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১৮. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্ম বর্নিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password ব্যবহার করে পুনরুদ্ধার করতে পারবেন।

ক. User ID জানা থাকলেঃ CSGOP<space>Help<space>User<space>User ID and send to 16222.
Example: csgop Help User ABCDEF.

খ. PIN Number জানা থাকলে:CSGOP<space>Help<space>PIN<space>PIN No and send to 16222.
Example: CSGOP Help PIN 12345678.

চলমান পাতা-০৩

১৯. অনলাইন এ আবেদন করতে সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbd Teletalk এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাইবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: CSGOP, Post Name, Applicant's User ID ও Contact number অবশ্যই উল্লেখ করতে হবে।

২০. এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন,সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগনের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জনের কার্যালয়, গোপালগঞ্জ এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা ওয়েব সাইটে (www.cs.gopalganj.gov.bd) জানা যাবে।

২১. প্রাথমিক ভাবে যাচাই বাচাই কৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত,ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নেক্ত কাগজ পত্র সমূহের মূল কপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যয়ন/প্রত্যায়ন সরকারী ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ) কর্তৃক সম্পাদিত হতে হবে।

২২. মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজ পত্রের মূল কপি সংগে আনতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ পত্র/সাময়িক সনদ পত্র/প্রত্যয়ন পত্র/অনুমতি পত্র।

খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত:) নাগরিকত্ব সনদ।

গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র।

ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ পত্র/প্রমাণক।

(চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃকপ্রদত্ত প্রত্যয়নপত্র।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঞ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।

(ট) ডাউনলোডকৃত Applicant's এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

২৩. প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

২৪. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৫. লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জনের কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে (www.cs.gopalganj.gov.bd) পাওয়া যাবে। এছাড়া QR Code স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/csgop ও ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

২৬. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসাদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৭/১১/২০২৪

(ডা. মোহাম্মদ জিল্লুর রহমান)
কোড নম্বর-১১৪৩৬৯
সিভিল সার্জন, গোপালগঞ্জ।
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেড জনবল নিয়োগ কমিটি, গোপালগঞ্জ।

২৭/০৭/২০২৪

চলমান পাতা-০৩

স্মারক নং-সিএস/গোপ/২০২৪/৪৭৯/২৪ তারিখঃ ২৯.০৭.২০২৪খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় আগারগাও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৪. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আর্কষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
০৫. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৬. পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৭. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইট এ প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হল।
০৮. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
০৯. জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
১০. পুলিশ সুপার, গোপালগঞ্জ।
১১. উপ-সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপ-সচিব, ক্রয় ও সংগ্রহ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন আঞ্চলিক কার্যালয়, গোপালগঞ্জ।
১৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গোপালগঞ্জ।
১৫. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান-১, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তিটি অনলাইন এ আবেদন গ্রহনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ।
১৬. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, গোপালগঞ্জ।
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা, গোপালগঞ্জ।
১৮. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, গোপালগঞ্জ।
১৯. জেলা তথ্য কর্মকর্তা, গোপালগঞ্জ।
২০. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
২১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সদর/মুকসুদপুর/কাশিয়ানী/কোটালীপাড়া/টুংগীপাড়া, গোপালগঞ্জ।
২২. সম্পাদক, দৈনিক.........................................................,গোপালগঞ্জ। উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় এক দিন (সকল সংস্করণে)প্রকাশের অনুরোধ সহ।
২৩. নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
২৪. অফিস নথি।

২৯/০৭/২০২৪

(ডা. মোহাম্মদ জিল্লুর রহমান)
কোড নম্বর-১১৪৩৬৯
সিভিল সার্জন, গোপালগঞ্জ।
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেড জনবল নিয়োগ কমিটি, গোপালগঞ্জ।

২৯/০৭/২০২৪